# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**21-05-2026** **Time: 7.50 PM**

**বিশেষ বিশেষ খবরঃ–**

১) দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে, পুনর্নির্বাচনের ভোটগ্রহণ প্রক্রিয়া শান্তিপূর্ণ ভাবেই সম্পন্ন হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত ভোট পড়েছে ৮৭ দশমিক সাত/তিন শতাংশ।

২) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন, এবছরের ডিসেম্বরের মধ্যেই হাওড়া পুর নিগমের নির্বাচন করা হবে।

৩) বিধানসভা ভোট পরবর্তী পরিস্থিতিতে পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের মেয়াদ আরও বাড়িয়েছে কেন্দ্র।

৪) আর জি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষন ও হত্যার ঘটনায় কলকাতা হাইকোর্ট আজ তিন সদস্যের সিট গঠন করেছে।

তৃণমূল সরকারের আমলে অভয়াকান্ড সহ সব নারী নির্যাতনের ঘটনার পুর্ণাঙ্গ তদন্ত হবে বলে নারী শিশু বিকাশ ও সমাজ কল্যাণ এবং পুর ও নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন ।

৫) কলকাতা হাইকোর্ট পশু বলি সংক্রান্ত রাজ্যের নির্দেশিকায় কোন হস্তক্ষেপ করেনি।

৬) আই এস এল ফুটবলের আজ শেষ দিনে চ্যাম্পিয়নশিপের লক্ষ্যে ইস্টবেঙ্গল ও মোহনবাগান সুপার জায়ান্ট দুই দল মাঠে নেমেছে।

৭) কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে ঘর্মাক্ত ও অস্বস্তিকর আবহাওয়ায় হাঁসফাঁস অবস্থা।

oooooooooooooooooooooo

দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে, পুনর্নির্বাচনে মোটের ওপর শান্তিপূর্ণ ভাবেই ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত ভোট পড়েছে ৮৭ দশমিক সাত তিন শতাংশ। ২৮৫-টি বুথে ভোটগ্রহণ চলে সন্ধে ৬-টা পর্যন্ত। ভোট গণনা ২৪-শে মে।

ভোটগ্রহণের পর অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দীবেন্দু সরকার এবং অরিন্দম নিয়োগী এক যৌথ সাংবাদিক সম্মেলনে বলেন, উৎসবের মেজাজেই মানুষ স্বতঃস্ফূর্তভাবে ভোট দিয়েছেন।

উল্লেখ্য, এই পুনর্নির্বাচনে ৬ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারিত হয়েছে। তৃণমূল কংগ্রেস প্রার্থী জাহাঙ্গির খান অবশ্য শেষ মুহূর্তে সরে দাঁড়ান প্রতিদ্বন্দ্বিতার আসর থেকে। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন-

(ভয়েসকাস্ট - গৌতম মন্ডল)

গত ২৯-শে এপ্রিল রাজ্যের দ্বিতীয় দফা বিধানসভা নির্বাচনে এই কেন্দ্রের বেশ কিছু বুথে অনিয়মের অভিযোগ ওঠে। এরপরই পুনর্নির্বাচনের এই সিদ্ধান্ত নেয় নির্বাচন কমিশন।

oooooooooooooooooooo

সম্পূর্ণ শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে ফলতা বিধানসভা কেন্দ্রের পুনর্নির্বাচনে ভোটগ্রহণ শেষ হয়েছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস এবং অরিন্দম নিয়োগী সন্ধ্যায় এক সাংবাদিক বৈঠক করে জানান, কড়া নিরাপত্তা এবং নজরদারির মধ্যেই গোটা ভোটপর্ব সম্পন্ন হয়েছে। উৎসবের মেজাজে মানুষ স্বতঃ স্ফূর্ত ভাবে ভোট দিয়েছেন।

(বাইট – দিব্যেন্দু দাস)

উল্লেখ্য, আগামী ২৪ মে ডায়মন্ড হারবার উইমেন্স ইউনিভার্সিটিতে ভোট গণনা হবে। সকাল আটটা থেকে গণনা শুরু হবে। একটি হলে ২০টি টেবিলে মোট ২১ রাউন্ডে গণনার কাজ সম্পন্ন হবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন।

oooooooooooooooooooo

বিধানসভা ভোট পরবর্তী পরিস্থিতিতে পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের মেয়াদ আরও বাড়িয়েছে কেন্দ্র। আরও এক মাস, অর্থাৎ আগামী ২০ জুন পর্যন্ত রাজ্যে ৫০০ কোম্পানি কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী (CAPF) মোতায়েন রাখা হবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে রাজ্যকে জানানো হয়েছে। নির্দেশিকায় বলা হয়েছে, ভোট-পরবর্তী আইনশৃঙ্খলা পরিস্থিতি মোকাবিলার জন্য পশ্চিমবঙ্গ সরকার ১৬ মে চিঠি দিয়ে কেন্দ্রীয় বাহিনীর মেয়াদ বাড়ানোর আর্জি জানিয়েছিল। সেই আবেদনের ভিত্তিতেই এই সিদ্ধান্ত।

oooooooooooooooooooo

সদ্যসমাপ্ত বিধানসভা নির্বাচনের আগে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে হুমকি এবং উস্কানিমূলক মন্তব্যের বিধাননগর সাইবার থানায় দায়ের হওয়া মামলায় কলকাতা হাই কোর্টে আপাতত স্বস্তি পেয়েছেন তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। আদালত জানিয়েছে, আগামী ৩১ জুলাই অথবা মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তাঁর বিরুদ্ধে রক্ষাকবচ বহাল থাকবে। যদিও আদালতের অনুমতি ছাড়া আবেদনকারী কোথাও যেতে পারবেন না বলেও স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে। তদন্তকারী অফিসারকে ৪৮ ঘণ্টা আগে নোটিশ দেওয়ার নির্দেশও দিয়েছে আদালত ।

oooooooooooooooooooo

ভোট পরবর্তী হিংসায় উস্কানি দেওয়ার অভিযোগে অভিনেতা পরমব্রত চ্যাটার্জী ও স্বস্তিকা মুখার্জীর বিরুদ্ধে গড়িয়াহাট থানায় এফআইআর দায়ের করা হয়েছে। কলকাতা হাইকোর্টের আইনজীবী জয়দীপ সেন এই অভিযোগ দায়ের করে বলেন, ২০২১-এ বিধানসভায় ভোট পরবর্তী অশান্তির সময় সমাজমাধ্যমে তাঁদের উস্কানিমূলক মন্তব্য

হিংসাত্মক পরিবেশকে আরও উসকে দিয়েছিল। এই ঘটনার উপযুক্ত তদন্তের দাবি জানিয়েছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন, এবছরের ডিসেম্বরের মধ্যেই হাওড়া পুর নিগমের নির্বাচন করা হবে। আজ হাওড়ায় এক উচ্চ পর্যায়ের প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী পুরসভা এলাকায় বসবাসকারী মানুষদের সমস্যা নিয়ে আলোচনা করেন। তিনি জানান,

(বাইট – মুখ্যমন্ত্রী)

মুখ্যমন্ত্রী জানান, বিগত দিনে যে সমস্ত বে-আইনী নির্মাণ হয়েছে, সে সম্পর্কে তদন্ত করার জন্য সরকার ফ্যাক্ট ফাইডিং টীম তৈরি করবে এবং ওই সমস্ত নির্মাণের বিরুদ্ধে আইনী পদক্ষেপ নেবে। মুখ্যমন্ত্রী আরও জানান, বিগত বছরগুলিতে ঘটা রাজনৈতিক হিংসা, মহিলাদের ওপর অত্যাচারের ঘটনাতে পুলিশকে নতুন করে এফ আই আর করে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। হাওড়া স্টেশন থেকে কোন বাংলাদেশী অনুপ্রেশকারী ধরা পড়লেও তার বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

আজকের বৈঠকে শিবপুরের বিধায়ক রুদ্রনীল ঘোষ ছাড়াও হাওড়া সিটি পুলিশ এলাকার চারজন বিধায়ক, জেলা শাসক, হাওড়া পুরনিগম এবং বালি পুরসভার আধিকারিকরা সহ পূর্ব ও দক্ষিণ পূর্ব রেলের জিএম ও ডিআরএম-রা উপস্থিত ছিলেন।

আজ সকালে মুখ্যমন্ত্রী বেলুড় মঠে যান। রাজ্যের মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর এই প্রথম সেখানে গেলেন তিনি। মন্দিরে প্রণাম সেরে মঠের সন্ন্যাসীদের সঙ্গে

মুখ্যমন্ত্রী কথা বলেন। মঠের প্রেসিডেন্ট মহারাজ স্বামী গৌতমানন্দজীকে প্রণাম করে শুভেচ্ছা বিনিময় করেন। মুখ্যমন্ত্রীর আজ সন্ধ্যায় দিল্লি যাওয়ার কথা।

oooooooooooooooooooooo

রাজ্যে শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বর্তমান সরকার পশ্চিমবঙ্গ সরকার হিসেবেই কাজ করবে, কোন দলের সরকার হিসেবে নয়। বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য আজ নতুন দিল্লিতে সাংবাদিকদের বলেন, এই সরকার শুধুমাত্র ঘোষণা সর্বস্ব এবং খেলা,মেলার সরকার হয়ে থাকবে না। পশ্চিমবঙ্গবাসীর সরকার হিসেবে তারা বিভিন্ন  ইতিবাচক কাজ করবে।

(বাইট- শমীক)

শমীকবাবু বলেন, এই সরকার গঠনের জন্য কৃতিত্ব শুধুমাত্র বিজেপির নয়, পশ্চিমবঙ্গবাসী এবং রাজ্য ও দেশের বাইরের বাঙালি সমাজেরও অবদান রয়েছে। এবারের নির্বাচনের জয়লাভের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং বিজেপি-র অন্য রাজ্যের সভাপতিরাও দলের জয়লাভের জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে গেছেন।

oooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গে আজ শুনবেন “বাংলা সিনেমা: সাদাকালো আবেগ থেকে ডিজিটাল বাস্তবতার পথে” এই বিষয়ে একটি আলোচনা। চিত্রপরিচালক অশোক বিশ্বনাথনের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। অনুষ্ঠানটি শোনা যাবে এই স্থানীয় সংবাদের পরই  রাত ৮ টায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা ও সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

oooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষন ও হত্যার ঘটনায় কলকাতা হাইকোর্ট আজ তিন সদস্যের বিশেষ তদন্তকারী দল সিট গঠন করেছে। দুই

বিচারপতি শম্পা সরকার ও তীর্থঙ্কর ঘোষের বেঞ্চ জানিয়েছেন, সিবিআইয়ের পূর্বাঞ্চলীয় জোনের যুগ্ম অধিকর্তা এই বিশেষ তদন্তকারী দলের নেতৃত্ব দেবেন। ২০২৪ সালের ৮ অগাস্ট রাতে খাবার খাওয়ার সময় থেকে পরদিন চিকিৎসকের দেহ সতকার পর্যন্ত সময়কালে কি কি ঘটেছিল এই দল পুনরায় তদন্ত করে দেখবে। এরজন্য যাকে খুশি জিজ্ঞাসাবাদ করতে পারবে সিবিআই।

এই এক বছর সাত মাস ধরে সিবিআই কী করেছে, তার উত্তরে সিবিআই জানায়, ঘটনায় সঞ্জয় রায়কে দোষী সাব্যস্ত হওয়ার পরে তাঁরা ৬০ থেকে ৮০ জনের সাক্ষ্যগ্রহণ করেছে। শীর্ষ আদালতেও সময় মতো রিপোর্ট জমা দিয়েছে। এর মধ্যে পরিবারের তরফে যে অভিযোগ গুলো তোলা হয়েছে সেগুলো খতিয়ে দেখবে সিট। আগামী ২৫ জুন আদালতে রিপোর্ট দেবে সিবিআই।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিগত তৃণমূল সরকারের আমলে অভয়াকান্ড সহ যত নারী নির্যাতনের ঘটনা ঘটেছে সেগুলির পূর্ণাঙ্গ তদন্ত করা হবে বলে নারী শিশু বিকাশ ও সমাজ কল্যাণ এবং পুর ও নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রী অগ্নিমিত্রা পাল আবারো জানিয়েছেন । তিনি আজ সাংবাদিকদের বলেন শেষ ১৫ বছরের সমস্ত প্রাতিষ্ঠানিক দুর্নীতিরও ফাইল খোলা হচ্ছে। প্রতিটা ক্ষেত্রেই দোষীরা যাতে উপযুক্ত শাস্তি পায় তার ব্যবস্থা করা হবে।

(বাইট - অগ্নিমিত্রা পাল)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্ট, পশুবলি সংক্রান্ত রাজ্যের নির্দেশিকায় কোনও হস্তক্ষেপ করল না। এই সম্পর্কিত ১১টি মামলার আজ শুনানি হয় প্রধান বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চে। কয়েকটি মামলা ছাড়া কার্যত সব

মামলাই খারিজ করে দিয়েছে প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। বকরি ঈদের জন্য ছাড় দেওয়ার বিষয়টিও রাজ্যের উপরেই ছেড়ে দিয়েছে কোর্ট।

ডিভিশন বেঞ্চের নির্দেশ, আসন্ন ধর্মীয় অনুষ্ঠানের কথা বিবেচনা করে পশুবলিতে কোনও ছাড়পত্র দেওয়া হবে কি না সেই বিষয়ে আগামী ২৪ ঘণ্টার মধ্যে সিদ্ধান্ত নেবে রাজ্য। পাশাপাশি গরু মোষ কুরবানির পর্যাপ্ত পরিকাঠামো রাজ্যের আছে কিনা তাও বিবেচনা করে দেখতে নির্দেশ দিয়েছে হাইকোর্ট।

এও বলা হয়েছে সুপ্রিমকোর্টের নির্দেশ অনুযায়ী প্রকাশ্য স্থানে গরু মোষ কুরবানী নিষিদ্ধ করা হয়েছে। এবং বকরি ঈদে গরু কুরবানি করা কোন ইসলাম ধর্মের রীতি নয়।

১৯৫০ সালের আইনের ১২ ধারা বলবৎ করার বিষয়ে ছাড় দেওয়া যায় কিনা সে বিষয়ে আগামী ২৪ ঘন্টার মধ্যে সিধান্ত গ্রহণ করতে নির্দেশ দিয়েছে হাইকোর্ট।

oooooooooooooooooooo

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর ৩৬ তম প্রয়াণ দিবসে তার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হচ্ছে।

এই উপলক্ষে কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে রাজীব গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, প্রদেশ কংগ্রেসের সহ-সভাপতি কৃষ্ণা দেবনাথ প্রমূখ নেতৃবৃন্দ।

oooooooooooooooooooooo

আই এস এল ফুটবলের আজ শেষ দিনে চ্যাম্পিয়নশিপের লক্ষ্যে ইস্টবেঙ্গল ও মোহনবাগান সুপার জায়ান্ট দুই দল মাঠে নেমেছে। কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল, ইন্টার কাশির মুখোমুখি হয়েছে। শেষ পাওয়া খবরে ইন্টার কাশি ১-০ গোলে এগিয়ে আছে।

অন্যদিকে, সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপার জায়ান্ট, স্পোর্টিং ক্লাব দিল্লির বিরুদ্ধে খেলছে। শেষ পাওয়া খবরে, খেল গোলশূন্য।

দুই দলই ১২ ম্যাচ খেলে ২৩ পয়েন্ট করে সংগ্রহ করেছে। ইস্টবেঙ্গল গোলপার্থক্যে এগিয়ে থাকায় লিগ তালিকার শীর্ষে রয়েছে। মোহনবাগান দ্বিতীয় স্থানে রয়েছে। ইস্টবেঙ্গল মোহনবাগানের থেকে পাচঁ গোলে এগিয়ে রয়েছে। লিগের অন্য দুই ম্যাচে জামশেদপুর এফ সি - ওড়িশা এফ সির, পাঞ্জাব এফ সি - মুম্বই সিটি এফ সির মুখোমুখি হয়েছে।

ooooooooooooooooooooo

কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে ঘর্মাক্ত ও অস্বস্তিকর আবহাওয়ায় হাঁসফাঁস অবস্থা। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, বৃষ্টির সম্ভাবনা থাকলেও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি হওয়ায় আগামী কয়েকদিন দক্ষিণবঙ্গে বিশেষ করে পশ্চিমের জেলাগুলিতে গরম ও অস্বস্তিকর এবং উপকূলের জেলাগুলিতে ঘর্মাক্ত আবহাওয়া বজায় থাকবে। আগামী এক সপ্তাহ দক্ষিণবঙ্গে দিনের তাপমাত্রা বিশেষ কোন পরিবর্তন হবে না। তবে, দক্ষিণবঙ্গে নদীয়া, বীরভূম, দুই বর্ধমান, হুগলী ও উত্তর ২৪ পরগনায় আজ দমকা হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির কমলা সতকর্তা দেওয়া হয়েছে। এছাড়া কলকাতা, মুর্শিদাবাদ, বাঁকুড়া ও হাওড়া জেলাতেও বিক্ষিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে।

উত্তরবঙ্গে জলপাইগুড়ি জেলায় ভারী থেকে অতিভারী এবং কোচবিহার, আলিপুরদুয়ার, ও দুই দিনাজপুরে ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে।

এদিকে, পুরুলিয়ায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৪৫ ডিগ্রী সেলসিয়াস। অসহ্য গরমে রাস্তাঘাট সুনসান। ঘর্মাক্তক গরমে অস্তির সাধারণ মানুষ।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৬ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের তুলনায় যা সামান্য বেশি। তবে, বাতাসে আপেক্ষিক আদ্রতার

সর্বোচ্চ পরিমাণ ৯৩ শতাংশ। ফলে ঘর্মাত্মক অস্বস্তিকর গরমের তীব্রতা আরও বেশি অনুভূত হচ্ছে।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo